

# প্ৰীতিলতা শিখিয়ে গেছে, লড়াই করে বাঁচতে হবে

- রাজন নন্দী

মেয়ে তুমি অগ্নিশিখার মত জ্বলে জ্বলে  
জ্বলে দিয়ে গেছ অগণন মৃত্যুহীন তারা।  
আঁধার জমে জমে, অন্ধ বধির  
কুকুরের মত দলিত ছিল দেশ।  
দ্রোহে জেগে উঠে তাই হল স্বরাজ – স্বদেশ।

প্রতিরোধে তুমি ধনুকে ছিলার মত টান  
ঘেরাটোপ ভেঙ্গে দেওয়া উজান বাতাস যেন।  
প্রতিদিন মরে মরে, অপমানে ভুলে গেছে  
যেসব মানুষেরা মুক্তির স্নিগ্ধ শ্বাস।  
নীলকণ্ঠী মেয়ে, তাদের শেখালে মুক্তির গান।

অগ্নিশিখারা জ্বলে, আর জ্বলে আমাদের স্বাধীনতা।  
অমরত্বের নাম তাই হোক প্ৰীতিলতা।

\*\*\*